ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪১৭৩

আগরতলা, ৫ ডিসেম্বর, ২০২৫

# শিল্প সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান, প্রবীণ নাগরিক এবং পেনশনারদের সঙ্গে রাজ্যপালের বৈঠক অনুষ্ঠিত



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ লোক ভবনে অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা চেম্বার অফ কমার্স, দি ইন্দো-বাংলা চেম্বার অফ কমার্স, দি ত্রিপুরা ট্রেডার্স অ্যাসোসিয়েশন, দি অল ত্রিপুরা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা ইনডাস্ট্রিজ ওনার্স অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা ডিস্ট্রিবিউটরস অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা হোলসেইল গ্রোসারি অ্যাসোসিয়েশন, দি ত্রিপুরা পেট্রোলিয়াম ডিলার্স অ্যাসোসিয়েশন এবং দি এলপিজি ট্রেডার্স অ্যাসোসিয়েশন-এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে বিভিন্ন শিল্প সংস্থা ও ব্যবসায়ী সংস্থার প্রতিনিধিগণ তাদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন।

বৈঠকে রাজ্যপাল স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের প্রচার ও বিক্রির বিষয়ে উদ্যোগ নিতে পরামর্শ দেন। রাজ্যে উৎপাদিত পণ্য বহির্রাজ্যে ক্রেতাদের কাছে পৌঁছে দেওয়া এবং পেট্রোল, ডিজেলের সন্তোষজনক মজুত গড়ে তুলতে তিনি প্রতিনিধিদের পরামর্শ দেন। আজ সন্ধ্যায় রাজ্যপাল লোক ভবনে প্রবীণ নাগরিক এবং পেনশনারদের প্রতিনিধি দলের সঙ্গে মিলিত হন এবং তাদের সমস্যা সম্পর্কে অবহিত হন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******